গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
উপমহাপরিচালকের কার্যালয়
সিলেট রেঞ্জ, সিলেট
ansarvdp.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর:৪৪.০৩.৬০৯১.০০১.৩১.৫৪.০০৫.২৪. ১৮১৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : স্বল্পকালীন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েনের অনুমোদন।**

সূত্র : আভি হবিগঞ্জ জেলার স্মারক নং-৪৪.০৩.৬০৩৬.০০২.৪২.০০৪.২৫-৩১৩৭, তারিখ: ০৩/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার অটোরিক্সা অটো টেম্পু-মিশুক-বেবিটেক্সি শ্রমিক ইউনিয়নের উপকমিটি ব্যাবস্থপনা নির্বাচন-২০২৫ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে আইন শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব পালনের জন্য সূত্রপত্র মোতাবেক জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, হবিগঞ্জ এর আবেদনের প্রেক্ষিতে আগামী ০৫.১২.২০২৫ তারিখ ১০ (দশ) জন (নিরস্ত্র) আনসার-ভিডিপি সদস্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে মোতায়েনের অনুমোদন প্রদান করা হলো।

**শর্তাবলী:**

ক) অঙ্গীভূত সদস্যদের (পিসি ৫২৫/- ও আনসার সদস্য ৪৭৫/-) টাকা হারে দৈনিক ভাতা, ১৫% হারে আনুষাঙ্গিক এবং ৩০০/- হারে (এককালীন) যাতায়াত ভাতা প্রাপ্তি সাপেক্ষে মোতায়েন করতে হবে।

খ) অঙ্গীভূত আনসার সদস্যগণ ০৮ ঘন্টার অধিক সময় দায়িত্ব পালনের ক্ষেত্রে সাধারণ কর্মঘন্টার দ্বিগুণহারে অধিকাল ভাতা প্রাপ্য হবেন।

গ) চাকুরিরত নয়/রেস্টকৃত এমন স্মার্টকার্ডধারী আনসার/ভিডিপি সদস্যদের মধ্য হতে চাহিত সংখ্যক (পিসি/এপিসি/আনসার) আনসার সদস্যকে অঙ্গীভূতকরণের জন্য বলা হলো।

ঘ) নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে রেঞ্জ দপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।

ঙ) আনসার সদস্যদের জন্য স্বাস্থ্যসম্মত ও নিরাপদ আবাসনের ব্যবস্থা করতে হবে।

চ) স্মার্ট, সুঠাম দেহের অধিকারী বাছাইকৃত পূর্ণ ইউনিফর্মধারী সদস্য মোতায়েন করতে হবে। মোতায়েনের পূর্বে জেলা কমান্ড্যান্ট কর্তৃক সকল সদস্যকে দায়িত্ব কর্তব্য সম্পর্কে বিস্তারিতভাবে (ব্রিফ) করতে হবে।

ছ) নীতিমালা মোতাবেক অন্যান্য শর্তাদি পালন করতে হবে।

০৪/১২/২৫
জিয়াউল হাসান বিভিএমএস, পিএএমএস
বিএভি-১২০০৬১
উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট
E-mail: rcsylhet@ansarvdp.gov.bd
মোবাইল নং- ০১৭৩০০৩৮০৫৬

**জেলা কমান্ড্যান্ট**
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**হবিগঞ্জ।**

স্মারক নম্বর:৪৪.০৩.৬০৯১.০০১.৩১.৫৪.০০৫.২৪. ১৮১৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি:**

| | | |
|---|---|---|
| ১। | অপারেশন (কেপিআই) শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা | অবগতির জন্য। |
| ২। | দপ্তর/মাস্টার কপি। | |

০৪/১২/২৫
উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট